

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ,

টিলাগড়, সিলেট।

ওয়েবসাইটঃ www.sec.ac.bd

www.eduresultbd.com

ভর্তি বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী শিক্ষা প্রতিষ্ঠান সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪ (চার) বছর মেয়াদি ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে বি.এস-সি.(ইঞ্জিঃ) কোর্সে ভর্তিচ্ছু যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (Online) দরখাস্ত আহবান করা যাচ্ছে। কলেজের ওয়েবসাইটঃ www.sec.ac.bd এবং কলেজের নোটিশ বোর্ডে ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

১। আসন সংখ্যা :

ক্রমিক নং	বিভাগের নাম	আসন সংখ্যা
১।	কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৬০
২।	সিভিল ইঞ্জিনিয়ারিং	৬০
সর্বমোট		১২০

২। ভর্তির জন্য আবেদনের যোগ্যতাঃ

(ক) প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় সম্মিলিতভাবে কমপক্ষে মোট জিপিএ - ৮.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে এইচ.এস.সি পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন-এ আলাদাভাবে কমপক্ষে জিপি-৩.৫০ এবং ইংরেজিতে জিপি-২.০০ থাকতে হবে।

(খ) GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেলে গণিত, পদার্থবিদ্যা রসায়ন ও ইংরেজিসহ ৫ (পাঁচ) টি বিষয়ে গড়ে "বি" গ্রেড পেতে হবে। তবে GCE 'A' লেভেলে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন বিষয়গুলির মধ্যে কমপক্ষে দু'টি বিষয়ে "এ" গ্রেড পেতে হবে এবং অন্যান্য বিষয়ে "বি" গ্রেড পেতে হবে।

(গ) ২০১৩ এর পূর্বে এইচ.এস.সি পাশ ছাত্র-ছাত্রী এবং ২০১৩ এর পূর্বে GCE 'A' লেভেল পাশ ছাত্র/ছাত্রী আবেদনের যোগ্য নয়।

৩। অনলাইনে (Online) আবেদনের নিয়মাবলী ও আবেদনের ফি প্রদানঃ

ক) কেবলমাত্র অনলাইনে (Online) আবেদন পূরণ করা যাবে এবং আবেদনের ফি ৩০০/- (তিন শত) টাকা ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে।

খ) সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েবসাইটে (<http://admission.sec.ac.bd>) গিয়ে অনলাইনে ফরম যথাযথভাবে পূরণ করা হলে তখনই প্রার্থীর মোবাইলে একটি মেসেজ (message) এর মাধ্যমে পিন (PIN) নম্বর দেওয়া হবে। [যেমন - Thank you for applying at SEC. Your PIN is: ***** Save your PIN & pay 300 Tk. to SEC Biller ID 339 using DBBL mobile banking to complete the application.]

পিনটি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

গ) ঐ পিন নম্বর এর বিপরিতে ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের Biller ID 339 নং এ আবেদনের ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা জমা দিতে হবে। ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (<http://admission.sec.ac.bd>) পাওয়া যাবে।

ঘ) মুক্তিযোদ্ধা/উপজাতি কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করতে হবে।

৪। মেধাতালিকা প্রণয়নঃ

(ক) মোট ১০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কের তৈরী করা হবে। এস.এস.সি/সমমান ফলাফল থেকে ৪০ নম্বর এবং এইচ.এস.সি/সমমান ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে।

(খ) এইচ.এস.সি/সমমান এর গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজিতে প্রাপ্ত জিপিকে যথাক্রমে ৩.৫, ৩.২৫, ৩.০ ও ২.২৫ দ্বারা গুণ করে এবং এস.এস.সি/সমমানে প্রাপ্ত জিপিকে ৮ (আট) দ্বারা গুণ করে সর্বমোট ১০০ নম্বরের মেধা স্কের প্রণয়ন করা হবে।

(গ) মেধা স্কের সমান হলে বয়োঃজ্যেষ্ঠ প্রার্থী অগ্রাধীকার পাবে।

৫। উল্লেখযোগ্য তারিখ সমূহঃ www.eduresultbd.com

ক্রমিক নং	বিষয়	তারিখ
১।	অনলাইনে আবেদনপত্র পূরণ ও Submission	০১/০১/২০১৫ হতে ২০/০১/২০১৫
২।	আবেদনের ফি প্রদানের সর্বশেষ তারিখ	২১/০১/২০১৫
৩।	মেধাতালিকা প্রকাশ	২৫/০১/২০১৫
৪।	মেধাতালিকা হতে ভর্তির সময়সীমা	২৬/০১/২০১৫ হতে ০৩/০২/২০১৫
৫।	অপেক্ষমান তালিকা হতে শূন্য আসনের (যদি থাকে) জন্য মেধাতালিকা প্রকাশ	০৫/০২/২০১৫
৬।	অপেক্ষমান তালিকা হতে ভর্তির সময়সীমা	০৮/০২/২০১৫ হতে ১২/০২/২০১৫
৭।	ওরিয়েন্টেশন	২২/০২/২০১৫
৮।	অটো মাইগ্রেশনের সর্বশেষ সময়সীমা	২৩/০২/২০১৫ হতে ০১/০৩/২০১৫

৬। মাইগ্রেশন ও ভর্তি বাতিলকরণঃ

- (ক) ক্লাশ শুরু প্রথম ৭ (সাত) কার্যদিবস এর মধ্যে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।
- (খ) কেউ ভর্তির পর মাইগ্রেশন করতে না চাইলে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (গ) ক্লাশ শুরু প্রথম ৭(সাত) কার্যদিবস উপস্থিত হয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) ক্লাশ শুরু প্রথম ৭ (সাত) কার্যদিবস এর মধ্যে মুক্তিযোদ্ধা/উপজাতি কোটায় ভর্তিকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৭। আবাসিক হোস্টেল সমূহে সিট প্রদানঃ

একটি ছাত্রী হোস্টেল ও দুটি ছাত্র হোস্টেলে সিট বরাদ্দ দেয়া হবে। তবে প্রথম আবেদনকারীকে প্রথম সিট বরাদ্দ দেয়া হবে।

৮। বিশেষ জ্ঞাতব্য বিষয়ঃ

- (ক) অসম্পূর্ণ ও তুল্য তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (খ) কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন আইন/নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।
- (গ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদন করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৯। ভর্তি সংক্রান্ত যোগাযোগঃ

ফোনঃ ০৮২১-৭৬০৫৬১ মোবাইলঃ ০১৫৫৮৩০৩৩২৩, ০১৯১৬৪৬৬৬৩৯।

ই-মেইলঃ admission@sec.ac.bd

অধ্যক্ষ

ও

চেয়ারম্যান, ভর্তি কমিটি ২০১৪-২০১৫

সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ

সিলেট।